

## ইউসুফ | Yusuf | يُوسُف

আয়াতঃ ১২ : ৩৪

আরবি মূল আয়াত:

فَاسْتَجَابَ لَهُ رَبُّهُ فَصَرَفَ عَنْهُ كَيْدَهُنَّ ۗ إِنَّهُ هُوَ السَّمِيعُ الْعَلِيمُ ﴿٣٤﴾

অনুবাদসমূহ:

অতঃপর তার রব তার আহ্বানে সাড়া দিলেন এবং তার থেকে তাদের চক্রান্ত প্রতিহত করলেন। নিশ্চয় তিনি সর্বশ্রোতা, সর্বজ্ঞ। — আল-বায়ান

তখন তার প্রতিপালক তার ডাকে সাড়া দিলেন আর তার থেকে তাদের কুট কৌশল অপসারিত করলেন, তিনি সব কিছু শুনেন, সব কিছু জানেন। — তাইসিরুল

অতঃপর তার রাক্ব তার আহ্বানে সাড়া দিলেন এবং তাদের ছলনা হতে রক্ষা করলেন, তিনিতো সর্বশ্রোতা, সর্বজ্ঞ। — মুজিবুর রহমান

So his Lord responded to him and averted from him their plan. Indeed, He is the Hearing, the Knowing. — Sahih International

৩৪. সুতরাং তার রব তার ডাকে সাড়া দিলেন এবং তাকে তাদের ছলনা হতে রক্ষা করলেন। তিনি তো সর্বশ্রোতা, সর্বজ্ঞ।

তফসীরে জাকারিয়া

(৩৪) অতঃপর তার প্রতিপালক তার আহ্বানে সাড়া দিলেন এবং তাকে তাদের ছলনা হতে রক্ষা করলেন। তিনি তো সর্বশ্রোতা, সর্বজ্ঞ।

তফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=1630>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন